

কুলুকুলুধ্বনি বহি মন্দাকিনী
 টালিবে শ্রবণে মধুর রাগিনী ।
 দরশে পরশে মরম ভিতরে
 কি স্থধার ধারা উঠিবে নিঝরে !
 ভুলে বাহুজ্ঞান রহি তজ্জাঘোরে
 সংসার-যাতন স্থথের বিভোরে
 ভুলিব সকলি, হৃদয়-বেদন
 স্থধা অবলেপে হইবে মোচন !

বৃষ্টিরানী ।

বৃষ্টিরানী, বৃষ্টিরানী, আয় লো নেমে আয়,
 ঘোমটা তুলে লজ্জা ভুলে, চড়ে মেঘের গায় ।
 তোর কেন লো হেরি লাজ ভূষিত এ জগৎ আজ !
 ঝড়ো বাতাস ঐকতান আগমনী গায় ;
 আয় লো নেমে বৃষ্টিরানী, আয় লো নেমে আয় ।
 কচুর পাতা উঁচিয়ে মাথা পেতে সিংহাসন ;
 গলাফুলো কোলা ব্যাঙ গাইছে আগমন ।
 'ফটিক জল' শুকনো গলা ; বর্ষা-দিনে ঝুলন খেলা,
 তোরই আশায় ; তোর আশাতে শুক কমল-বন
 ফুল করে ফুটবে কমল—তোর সে সিংহাসন ।
 তোর আশাতে গাছে গাছে নূতন পাতায় ছায় ;
 বিজলী আলো চমকে ওঠে কালো মেঘের গায় ।
 গন্ধভরা যুথীর বুক বসবি লো তুই, ছলবি স্থখে,
 গন্ধভরা স্নিগ্ধ বকুল লুটবে লো তোর পায়
 আয় লো নেমে বৃষ্টিরানী, আয় লো নেমে আয় ।

শ্রীসোমনাথ সাহা,

{ দ্বিতীয় বাষিক শ্রেণী 'B' শাখা ।